

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইন অধিশাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০৩৭.০৪.০১৩.২০-১৭৪

তারিখ: ০৭ই ফাল্গুন, ১৪২৯
২০শে ফেব্রুয়ারি, ২০২৩

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বিরুদ্ধে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের জন্য ০৫ জন, সিভিল কোর্টের জন্য ০৩ জন এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য ০১ জনসহ সর্বমোট ০৯ (নয়) জন বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। উল্লিখিত পদে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
০২. আবেদনকারী আইনজীবী ঢাকায় বসবাসরত হতে হবে এবং আবেদনকারীর বয়স ৬০ বছরের অধিক হবে না;
০৩. আবেদনকারীর নাম, পিতা/স্বামী/মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, বয়স, ই-মেইল উল্লেখসহ পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবিযুক্ত পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করতে হবে;
০৪. বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্য-সনদ/সংশ্লিষ্ট বারের সদস্য-সনদ/পেশাগত সনদ এবং অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে;
০৫. সুপ্রিম কোর্ট বিভাগ/হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৫ বছর, আপিল বিভাগে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
০৬. দেওয়ানী আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
০৭. প্রশাসনিক ট্রাইব্যুনালে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
০৮. আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
০৯. মামলা পরিচালনার জন্য সরকার নির্ধারিত ফি প্রদান করা হবে এবং ২ বৎসরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে;
১০. অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
১১. যে আদালতের জন্য আবেদন করবেন সেই আদালতের নাম খামের উপরে এবং আবেদনে উল্লেখ করতে হবে;
১২. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১৩. আগামী ১৪.০৩.২০২৩ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে যুগ্মসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ভবন নম্বর-৭, কক্ষ নম্বর- ৮১৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে।


২০২৩

মোস্তাইন বিল্লাহ
যুগ্মসচিব (আইন)

ও

সদস্য-সচিব

আইনজীবী নিয়োগ/নবায়ন সংক্রান্ত কমিটি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ফোন: ৫৫১০১৩৪২